

B.A. 6 t h Semester (Honours) Examination, 2021 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course: DSE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণ মান: ৬০

দক্ষিণ-প্রান্তস্থ মানগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দাও: ৬X৫=৩০

ক) তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা স্বাধীনতা পূর্বকালে প্রকাশিত ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।

খ) স্বাধীনতা-পূর্ববর্তী বিশ শতকে বাংলা কথাসাহিত্যের বাঁক বদলের ক্ষেত্রে 'সবুজ পত্র' পত্রিকার ভূমিকা নিরূপণ করো।

গ) 'শেষের কবিতা' ও 'যোগাযোগ' একই সময়ে লেখা হলেও দুটি উপন্যাসের মেজাজ একেবারে আলাদা। - আলোচনা করো।

ঘ) হাস্যরসের গল্প রচনায় পরশুরামের অবদান সম্পর্কে আলোচনা করো।

ঙ) 'শ্রীকান্ত' উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক শরৎচন্দ্রের বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

চ) স্বাধীনতা পূর্বকালে প্রকাশিত মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা ছোটোগল্পের বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করো।

ছ) স্বাধীনতা পূর্ববর্তী বাংলা ছোটোগল্পের সাধারণ বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

জ) স্বাধীনতা পূর্ববর্তী বাংলা উপন্যাসের প্রধান ধারাগুলি উদাহরণসহ উল্লেখ করো।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩X১০=৩০

ক) রবীন্দ্রনাথের শেষ তিনটি উপন্যাসের বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের স্বাধীনতা পূর্বকালে প্রকাশিত উপন্যাসগুলির পরিচয় দাও।

গ) 'কল্লোল' পত্রিকা বাংলা কথাসাহিত্যে যে প্রাণসঞ্চার করেছিল, তার পরিচয় দাও।

ঘ) স্বাধীনতা পূর্বকালের কোনো একজন প্রতিনিধি স্থানীয় ছোটোগল্পকারের গল্পের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।

ঙ) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? বিশ শতকের শুরু থেকে মনস্তাত্ত্বিক উপন্যাসের যে যাত্রা শুরু হল, তার প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।

